**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৩ ডিসেম্বর ২০১৫, ১৯ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিচ্ছিন্নতাবাদীদের বাংলার মাটি ব্যবহার করতে দেওয়া হবে না
: ভারতের হাইকমিশনারের বিদায়ী সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী
- ব্রিটেন বাংলাদেশের সময়ের পরীক্ষিত বন্ধু : প্রধানমন্ত্রী

২। বিশ্বের শীর্ষ একশ' চিন্তাবিদের তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রসহ ১২ প্রকল্প অনুমোদন ক্রয় কমিটিতে

৪। মতিউর রহমান নিজামীর অপরাধ স্বীকার করেছেন তার আইনজীবী
: সাজা কমানোর আবেদন

৫। অবকাঠামোগত বাধায় বঞ্চিত যুব প্রতিবন্ধীরা : বিশ্ব প্রতিবন্ধী দিবস আজ
- এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন

৬। সুদ বাড়াতে চাপ দিচ্ছে দাতা সংস্থা : অর্থমন্ত্রী

৭। পৌর নির্বাচনের মনোনয়নপত্র জমার শেষ দিন আজ

৮। বিনিয়োগ কম হবার অভিযোগ সঠিক নয় : বাংলাদেশ ব্যাংক গভর্নর

৯। প্যারিসের জলবায়ু সম্মেলন : চুক্তিতে গতি চায় ফ্রান্স
-১৫ শতাংশ কার্বন কমাবে বাংলাদেশ

১০। সিটি কর্পোরেশনে ট্রেড লাইসেন্স নবায়নে সময় বাড়ল আরও এক মাস

১১। মেয়েদের বিয়ের বয়স ১৮ থেকে কমালে মানব না
: সামাজিক প্রতিরোধ কমিটির হুঁশিয়ারি

১২। আইসিসি বর্ষসেরা ওয়ানডে দলে মুস্তাফিজুর রহমান

চলমান পাতা/২

**১। বিচ্ছিন্নতাবাদীদের বাংলার মাটি ব্যবহার করতে দেওয়া হবে না**
**: ভারতের হাইকমিশনারের বিদায়ী সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী**
**- ব্রিটেন বাংলাদেশের সময়ের পরীক্ষিত বন্ধু : প্রধানমন্ত্রী**

সন্ত্রাস, বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে বাংলাদেশের কঠোর অবস্থানের কথা পুনর্ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, বাংলাদেশের মাটি বিচ্ছিন্নতাবাদী সন্ত্রাসীদের ব্যবহার করতে দেওয়া হবে না। আমরা শান্তিপূর্ণ পরিবেশ চাই। গতকাল ২ ডিসেম্বর বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার পঙ্কজ শরণ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করতে এলে এ কথা বলেন প্রধানমন্ত্রী। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের বৈঠকের বিষয়ে ব্রিফ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ও ব্রিটেনের মধ্যে দৃঢ় বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিদ্যমান রয়েছে এবং দুই দেশ গণতন্ত্র ও স্বাধীনতার অভিন্ন মূল্যবোধ ধারণ করে। তিনি বলেন, 'যুক্তরাজ্য বাংলাদেশের সময়ের পরীক্ষিত বন্ধু হওয়ায় লন্ডনের সঙ্গে সম্পর্ককে ঢাকা অত্যন্ত গুরুত্ব দেয়। প্রধানমন্ত্রীর সঙ্গে গতকাল ২ ডিসেম্বর বুধবার তাঁর কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ বিদায়ী হাইকমিশনার রবার্ট উইলিংটন গিবসনের সাক্ষাৎকালে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**২। বিশ্বের শীর্ষ একশ' চিন্তাবিদের তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন-ভিত্তিক প্রভাবশালী সাময়িকী 'ফরেন পলিসি'র ২০১৫ সালের শীর্ষ বৈশ্বিক চিন্তাবিদের একশ' জনের তালিকায় স্থান করে নিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল ২ ডিসেম্বর বুধবার 'দ্য লিডিং গ্লোবাল থিংকারস' শীর্ষক তালিকাটি প্রকাশ করা হয়। এটি ফরেন পলিসি সাময়িকীর প্রকাশিত এ ধরনের সপ্তম তালিকা। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব নিয়ে সচেতনতা তৈরিতে অসামান্য অবদানের জন্য তিনি এই তালিকায় এসেছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)। **আমাদের সময়, ডেইলি অবজারভার, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রসহ ১২ প্রকল্প অনুমোদন ক্রয় কমিটিতে**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ ও স্থাপনাসহ মোট ১২টি প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে মোট ব্যয় হবে ২ হাজার ২৯২ কোটি টাকা। গতকাল ২ ডিসেম্বর বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রীর সভাপতিত্বে বৈঠকে এসব প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। বৈঠকে কমিটির সদস্য, মন্ত্রিপরিষদ বিভাগের সিনিয়র সচিবসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবরা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ডেইলি অবজারভার** (পৃ.১,ক.৫)।

**৪। মতিউর রহমান নিজামীর অপরাধ স্বীকার করেছেন তার আইনজীবী : সাজা কমানোর আবেদন**

একাত্তরের যুদ্ধাপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর আইনজীবী আপিল শুনানিতে অপরাধ স্বীকার করে সাজা কমানোর আবেদন করেছেন। শুধু তাই নয়, মৃত্যুদণ্ডের হাত থেকে অব্যাহতি পাওয়ার জন্য আবেদনও করেছেন। গতকাল ২ ডিসেম্বর বুধবার মতিউর রহমান নিজামীর আপিল শুনানিতে যুক্তি উপস্থাপনের পর এ কথা জানান রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। এই প্রথমবারের মতো সর্বোচ্চ আদালতে জামায়াতের কোনো শীর্ষ নেতার পক্ষে তার আইনজীবী মুক্তিযুদ্ধের সময়ে সংঘটিত মানবতাবিরোধী অপরাধ স্বীকার করলেন বলে মন্তব্য করেন তিনি। সূত্র-**সংবাদ, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫। অবকাঠামোগত বাধায় বঞ্চিত যুব প্রতিবন্ধীরা : বিশ্ব প্রতিবন্ধী দিবস আজ**
**- এ উপলক্ষে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী পৃথক বাণী দিয়েছেন**

'একীভূতকরণ : সক্ষমতার ভিত্তিতে সকল প্রতিবন্ধী মানুষের ক্ষমতায়ন' প্রতিপাদ্য করে দেশজুড়ে আজ ৩ ডিসেম্বর বৃহস্পতিবার পালিত হচ্ছে বিশ্ব প্রতিবন্ধী দিবস। দেশের কোথাও কোথাও দু'একজন প্রতিবন্ধীকে কাজ করতে দেখা গেলেও আজও অধিকাংশ সুবিধা বঞ্চিত। সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের চলমান জরিপ অনুযায়ী দেশে ১৮ লাখ প্রতিবন্ধী আছে। আর বিশ্বব্যাংক ও বিশ্বস্বাস্থ্য সংস্থার ২০১১ সালের তথ্যমতে এ সংখ্যা এক কোটি ৬০ লাখ। সরকার সব সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজে ভর্তির ক্ষেত্রে ৫ শতাংশ কোটা প্রতিবন্ধীদের জন্য বরাদ্দ করেছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**৬। সুদ বাড়াতে চাপ দিচ্ছে দাতা সংস্থা : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, কয়েকটি দাতাসংস্থা বাংলাদেশের নিম্ন-মধ্য আয়ের দেশে উন্নীত হওয়ার কথা উল্লেখ করে সুদের হার বাড়াতে নোটিশ দিয়েছে। সম্প্রতি জাপান সুদের হার নিয়ে কথা তুলেছে। আমি তাদের বলেছি-এখনই আমরা ওই পর্যায়ে যাইনি। এটি কোনোভাবেই মেনে নেওয়া যায় না। সুদের হার বাড়ানোর এ প্রস্তাবকে প্রতিরোধ করা উচিত বলে মন্তব্য করেন অর্থমন্ত্রী। গতকাল ২ ডিসেম্বর বুধবার 'ইস্তাম্বুল কর্মপরিকল্পনা বাস্তবায়ন' এর পর্যালোচনার খসড়া প্রতিবেদন উপস্থাপন সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)। **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। পৌর নির্বাচনের মনোনয়নপত্র জমার শেষ দিন আজ**

পৌরসভা নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার সময় শেষ হচ্ছে আজ ৩ ডিসেম্বর বৃহস্পতিবার। বিকেল ৬টা পর্যন্ত প্রার্থীরা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের কার্যালয়ে মনোনয়নপত্র জমা দিতে পারবেন। এই প্রথম দেশের ২৩৪টি পৌরসভায় আগামী ৩০ ডিসেম্বর দলীয়ভাবে ভোট হতে যাচ্ছে। আর এর জন্য নির্বাচনী সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করে ফেলেছে নির্বাচন কমিশন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)। **সমকাল, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। বিনিয়োগ কম হবার অভিযোগ সঠিক নয় : বাংলাদেশ ব্যাংক গভর্নর**

দেশে বিনিয়োগ কম হচ্ছে বলে যে অভিযোগ করা হয় তাকে ভুল দাবি করে বাংলাদেশ ব্যাংক গভর্নর ড. আতিউর রহমান প্রশ্ন তুলেছেন, বিনিয়োগ যদি যথেষ্ট না হয় তাহলে ছয় বছর ধরে আমাদের প্রবৃদ্ধি ৬ দশমিক ৩ শতাংশ কেমন করে হলো। গতকাল ২ ডিসেম্বর বুধবার চট্টগ্রামে হিউম্যান রিসোর্সেস অ্যান্ড ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ভিত্তি স্থাপন অনুষ্ঠানে তিনি এ প্রশ্ন তোলেন। ড. আতিউর রহমান বলেন, একসাথে সব জায়গায় বিনিয়োগ হওয়ায় চোখে পড়ছে না। আমাদের কৃষি, শিল্প, ই-কমার্স, এসএমই প্রতিটি খাতেই বিনিয়োগ হচ্ছে। মূলধনী যন্ত্রপাতির আমদানি বেড়েছে। আরও কী করে এসএমই, কৃষি ও শিল্পখাতে বিনিয়োগ বাড়ানো যায় সেই চেষ্টা করছি আমরা। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১)।

**৯। প্যারিসের জলবায়ু সম্মেলন : চুক্তিতে গতি চায় ফ্রান্স**
**-১৫ শতাংশ কার্বন কমাবে বাংলাদেশ**

প্যারিসের জলবায়ু সম্মেলনে অর্থবহ কিছু দেখতে চায় ফ্রান্স। আয়োজক দেশটি বলেছে, তারা চায় দ্রুততার সঙ্গে চুক্তির প্রক্রিয়াটি এগিয়ে যাক। সম্মেলনের তৃতীয় দিনে গতকাল ২ ডিসেম্বর বুধবার তাদের এই শক্ত বার্তা জানিয়ে দেয় ফ্রান্স। এদিকে জলবায়ু আলোচনায় গতকাল ২ ডিসেম্বর বুধবার বাংলাদেশ প্রতিশ্রুতি দিয়েছে, উপযুক্ত সহায়তা পেলে ১৫ শতাংশ পর্যন্ত কার্বন উৎপাদন হ্রাস করবে। ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী লঁরা ফেবিয়াস সম্মেলন আয়োজন স্থল লো বুর্জেতে এক পার্শ্ব আলোচনায় এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (শেষ পৃ.,ক.৩), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.৩)।

**১০। সিটি কর্পোরেশনে ট্রেড লাইসেন্স নবায়নে সময় বাড়ল আরও এক মাস**

সিটি কর্পোরেশনের ব্যবসায়ীদের জন্য ট্রেড লাইসেন্স নবায়নের সময়সীমা দ্বিতীয় দফায় আরও এক মাস বাড়ানো হয়েছে। নতুন সময় অনুযায়ী আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত ট্রেড লাইসেন্স নবায়ন করতে পারবেন ব্যবসায়ীরা। এফবিসিসিআই থেকে ব্যবসায়ীদের আবেদনের প্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সময় বাড়ানোর এই সিদ্ধান্ত নিছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৩, ক.১)।

**১১। মেয়েদের বিয়ের বয়স ১৮ থেকে কমালে মানব না : সামাজিক প্রতিরোধ কমিটির হুঁশিয়ারি**

মেয়েদের বিয়ের বয়স ১৮ থেকে কমানোর সিদ্ধান্ত কোনভাবেই মেনে নেওয়া হবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন ৬৮টি নারী মানবাধিকার ও উন্নয়ন সংগঠনের প্ল্যাটফরম সামাজিক প্রতিরোধ কমিটির নেতারা। প্রয়োজনে আন্দোলনে যাবার ইঙ্গিত দিয়েছেন তারা। সেই সঙ্গে শর্তহীনভাবে কন্যাশিশুর বিয়ের বয়স ন্যূনতম ১৮ বছর রাখার দাবি জানিয়েছেন। গতকাল ২ ডিসেম্বর বুধবার এক সংবাদ সম্মেলনে এ হুঁশিয়ারি ও দাবি জানানো হয়। বিকেলে জাতীয় প্রেসক্লাবে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.৩,ক.৬)।

১২। **আইসিসি বর্ষসেরা ওয়ানডে দলে মুস্তাফিজুর রহমান**

প্রথম বাংলাদেশি ক্রিকেটার হিসেবে আইসিসির বর্ষসেরা ওয়ানডে একাদশে জায়গা পেয়েছেন বাংলাদেশের ফাস্ট বোলার মুস্তাফিজুর রহমান। গতকাল ২ ডিসেম্বর বুধবার আনুষ্ঠানিকভাবে সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে এই খবর জানিয়েছে আইসিসি। এর আগে বাংলাদেশের সাকিব আল হাসান আইসিসির বর্ষসেরা টেস্ট দলে স্থান পেয়েছিলেন। এবার ওয়ানডে দলে এই বিরল সম্মান বয়ে আনলেন সাতক্ষীরার মুস্তাফিজুর রহমান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো** : পৌরসভা নির্বাচন নিয়ে নির্বাচনী প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ে নির্বাচন কমিশন নিরপেক্ষ হয়ে দায়িত্ব পালন করবে বলে প্রত্যাশা ব্যক্ত;

খ. **ইত্তেফাক** : রাজধানী ঢাকাসহ সারা দেশের ১৭৫টি সরকারি হাইস্কুলে একযোগে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে উল্লেখ করে সরকারি-বেসরকারি স্কুলগুলির মধ্যে শিক্ষার মানের পার্থক্য কমিয়ে আনতে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ;

গ. **জনকণ্ঠ** : অপরিকল্পিত নগরায়ন ও জনসংখ্যার ক্রমবর্ধমান চাপে রাজধানী ঢাকা বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে যখন তখন পূর্বাচলে ১৩০ তলা কনভেনশন সেন্টারটি নির্মিত হলে বাংলাদেশও বিশ্বসভায় একদিন পরিচিতি পাবে সুউচ্চ ভবনের ভিত্তিতে বলে আশা প্রকাশ;

ঘ. **সংবাদ, ইনকিলাব, যায়যায়দিন** : পার্বত্য শান্তিচুক্তি স্বাক্ষরের পর দেড় যুগ অতিবাহিত হলেও চুক্তির অনেক মৌলিক বিষয়ই বাস্তবায়ন হয়নি উল্লেখ করে এ চুক্তিটি পূর্ণাঙ্গ বাস্তবায়নের সুপারিশ;

ঙ. **যুগান্তর, জনকণ্ঠ, ভোরের কাগজ** : বাংলাদেশে মানবতাবিরোধী অপরাধের বিচার নিয়ে পাকিস্তান একের পর এক রাজনৈতিক শিষ্টাচার লংঘন করে সীমাহীন ধৃষ্টতার পরিচয় দিচ্ছে এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে চরম মিথ্যাচার করায় সত্যকে স্বীকার করে তাদের অপরাধ ও ভুলের জন্য ক্ষমা চেয়ে আন্তর্জাতিক শিষ্টাচারের পরিচয় দেবে এই প্রত্যাশা ব্যক্ত;

চ. **ডেইলি স্টার, ইনকিলাব, যুগান্তর** : নারায়ণগঞ্জের আলোচিত সাত খুন মামলার চার্জশিটে অসঙ্গতি বা ত্রুটি থাকার বিষয়ে হাইকোর্টের অভিমতের প্রসঙ্গ তুলে ধরে ন্যায়বিচার নিশ্চিতকরণে সংশ্লিষ্টদের আন্তরিকভাবে কাজ করার প্রত্যাশা;

ছ. **ইন্ডিপেনডেন্ট** : ভোটার তালিকা হালনাগাদে দ্বৈত ভোটার বাতিল ও নতুন ভোটার অন্তর্ভুক্তিকরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ;

জ. **ডেইলি সান** : পরিবেশ সুরক্ষায় ধান, চাল, গম, ভুট্টা, সার, চিনি-এসব দ্রব্যের মোড়কে বাধ্যতামূলকভাবে পাটের ব্যাগ ব্যবহার করার উদ্যোগকে স্বাগত জানিয়ে সবাইকে সহযোগিতা করার আহ্বান;

ঝ. **নিউ এজ** : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের নিম্ন বেতন ও পদমর্যাদা, প্রণোদনার অভাব এবং শিক্ষক নিয়োগ পদ্ধতির ত্রুটির কারণে উচ্চ শিক্ষিত ও মেধাবীরা শিক্ষকতায় আগ্রহী না হওয়ায় সরকারকে এ ব্যাপারে দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়ার সুপারিশ;

ঞ. **নিউ নেশন** : দেশে প্রতি বছর ৩৭ হাজার হেক্টর বনভূমি ধ্বংস হওয়ার চিত্র তুলে ধরে নতুন বনায়ন কার্যক্রম জোরদার করাসহ অবৈধভাবে বৃক্ষ নিধন বন্ধ করার আহ্বান;

ট. **ফিনানশিয়াল এক্সপ্রেস, ইন্ডিপেনডেন্ট** : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র তেজগাঁওয়ের অবৈধ ট্রাক স্ট্যান্ড দখলমুক্ত করার যে উদ্যোগ নিয়েছেন সেই উদ্যোগের সফলতা প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে জলবায়ু পরিবর্তনজনিত বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে বাংলাদেশের সার্বিক উন্নয়ন কতটা হুমকির মুখে তা বিশ্ব জলবায়ু সম্মেলনে আন্তর্জাতিক সম্প্রদায়ের সামনে তুলে ধরে সমস্যা সমাধানে তাদের সহযোগিতা প্রাপ্তি নিশ্চিত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'প্রতিবন্ধীতার কারণ ও প্রতিকার'** শিরোনামের নিবন্ধে নিশাত ইসলাম প্রতিবন্ধীদের পুনর্বাসনের লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষ জনবল সৃষ্টি, বিশেষ শিক্ষা উপকরণ প্রদান, জনগণকে সচেতন ও উদ্বুদ্ধকরণে সহায়তা প্রদান করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা